শেরপুর লিগ্যাল এইড অফিস' বিষয়ক জনসচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত

আদালত প্রতিবেদক

শেরপুরে সরকারি আইনগত সহায়তা কার্যক্রমের সাফল্য ও বিকল্প বিরোধ নিস্পত্তির কেন্দ্রস্থল "জেলা লিগ্যাল এইড অফিস" বিষয়ক জনসচেতনতামূলক সেমিনার গতকাল ১৩ ফেব্রুয়ারি ২০১৬ শনিবার জেলা ও দায়রা জজ আদালত এর সম্মেলন কক্ষে জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির সভাপতি মোঃ মোজাম্মেল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।
অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল এর বিজ্ঞ বিচারক (জেলা জজ) মোঃ সায়েদুর রহমান খান, জেলা প্রশাসক শেরপুর, ডাঃ এ.এম. পারভেজ রহিম, চীফ জুডিসিয়াল ম্যজিস্ট্রেট মোঃ সাইফুর রহমান, এছাড়াও অন্যান্যদের মধ্যে অতিরিক্ত জেলা ও দায়রা জজ মোহাম্মদ মোসলেহ্ উদ্দিন, জেলা জাজশীপ এবং ম্যাজিস্ট্রেসির সকল বিচারক, পুলিশ সুপারের প্রতিনিধি সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ শাহজাহান মিয়া এবং সিভিল সার্জনের প্রতিনিধি ডাঃ মোঃ সেলিম মিয়া। জেলা লিগ্যাল এইড কমিটির সদস্য বৃন্দ এবং উপকারভোগীগণ উপস্থিত থাকেন।
সভাপতির স্বাগত বক্তব্যের পর, সেমিনারের বিষয়ের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। এসময় মামলা নিষ্পত্তির হার নিয়ে উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন। লিগ্যাল এইড উপকারভোগীদের কথা পর্বে দুইজন উপকারভোগী তাদের মতামত উপস্থাপন করেন। মুক্ত আলোচনায় ঝিনাইগাতী, নালিতাবাড়ী ও শ্রীবর্দী উপজেলার চেয়ারম্যান গণ, শেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, প্যানেল আইনজীবী, বারের সভাপতি, সাধারণ সম্পাদক, জিপি এবং স্বনির্ভর নারী কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক বক্তব্য রাখেন। পরে বিশেষ অতিথিবৃন্দ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন জেলা লিগ্যাল এইড অফিসার (ভারপ্রাপ্ত) ও সহকারী জজ শান্তি চন্দ্র দেবনাথ। সেমিনারে গরীব মানুষের বিচারে প্রবেশাধিকার সৃষ্টির জন্য সরকারিভাবে মামলা মোকদ্দমার খরচ বহন এবং বিকল্প বিরোধ নিস্পত্তিতে শেরপুর জেলা লিগ্যাল এইড অফিসের গুরুত্বপূর্ণ ভূমিকা এবং সংশ্লিষ্ট সকলের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোকপাত করা হয়।